দৈনিক ইনকিলাব
JUN. 08 2002

# বেসরকারী উচ্চ বিদ্যালয়ে মহিলা শিক্ষক নিয়োগ প্রসঙ্গে

বর্তমানে বেসরকারী উচ্চ বিদ্যালয়গুলোতে ৯ দফা কালো চুক্তির আওতায় সকল পরীক্ষায় দ্বিতীয় বিভাগপ্রাপ্ত প্রার্থীদের নিয়োগ দেয়া হচ্ছে। এ অবস্থার প্রেক্ষিতে আমি কিছু গঠনমূলক প্রস্তাব রাখতে চাই। বর্তমানে মাধ্যমিক বিদ্যালয়গুলোতে ৩০% মহিলা শিক্ষক নিয়োগের ব্যবস্থা রাখা হয়েছে। সরকারী প্রাথমিক বিদ্যালয়ে মহিলা প্রার্থীদের যোগ্যতা শিথিলযোগ্য। যেমন-দ্বিতীয় বিভাগে এসএসসি/এইচএসসি অথবা স্নাতক পাস চাওয়া হয়। দেশের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা করে উচ্চ বিদ্যালয়গুলোতে নিয়োগের ক্ষেত্রেও শিক্ষাগত যোগ্যতা শিথিল করা হোক। এক্ষেত্রে যোগ্যতা চাওয়া যেতে পারে দ্বিতীয় শ্রেণীর স্নাতক অথবা স্নাতক পর্যন্ত– একের অধিক তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য নয়। এতে করে শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষতি হবে বলে আমি মনে করি না। তা যদি সম্ভব না হয় তাহলে তৃতীয় বিভাগ উঠিয়ে দেয়া হোক, তার পরিবর্তে সকল পরীক্ষায় গ্রেডিং পদ্ধতি চালু করা হোক। গ্রেডিং পদ্ধতির পূর্বের সবাইকে দরখাস্ত করার সুযোগ দেয়া হোক। এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ মাননীয় শিক্ষামন্ত্রীর সহৃদয় দৃষ্টি আকর্ষণ করছি।

–মোঃ আইয়ুব খান
দেবিদ্বার, কুমিল্লা।